



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
পিএবিএক্স: ৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স: ৫৫০৭৯৪৪৩
e-mail: dg@nimc.gov.bd, website: www.nimc.gov.bd

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০১.১২.০৫৬.১৭. ২০১৭

২০ জ্যৈষ্ঠ ১৪২৫, বঙ্গাব্দ
০৬ জুন ২০১৮, খ্রিস্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য মন্ত্রণালয়স্বত্বাধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের রাজস্ব খাতের নিম্নবর্ণিত ০১টি শূন্য পদ পূরণ করার লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের কাছ থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক পরিপত্র অনুযায়ী চাকরির নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বেতনস্কেল (জা:বে:২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১.	মেকানিক ৮ ৯৭০০-২৩৪৯০/-	০১(এক)টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ১ (এক) বছর মেয়াদী রেডিও বা টিভি ট্রেডকোর্স এর সার্টিফিকেট থাকতে হবে।	গাজীপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, রংপুর, দিনাজপুর, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল ও ঝালকাঠি জেলা ব্যতিত অগণ্য সকল জেলার প্রার্থী। তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীরা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীরা সকল জেলা থেকে আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বরাবর পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোনো আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:
(ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
(খ) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরৎযোগ্য) ১-৩৩৩৬-০০০০-২৬৮১ কোডে ট্রেজারী চালান মাধ্যমে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা বরাবর জমা দিতে হবে। ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(গ) আবেদনপত্রের খামের উপরে প্রার্থীর নিজ জেলার নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫" x ৪.৫" পরিমাপের ফেরত খাম দিতে হবে।
- ০১ জুন, ২০১৮ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ০১(এক) সেট ফটোকপি জমা প্রদান করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারি প্রার্থীদের মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক প্রমাণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর বা পৌরসভার ক্ষেত্রে পৌর মেয়র/কাউন্সিলর এর নিকট হতে প্রাপ্ত সনদপত্রের কপি (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) থাকতে হবে।
- সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত পরীক্ষা / মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ০১ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাকরির নির্ধারিত আবেদন ফরম এবং নিয়োগ বিজ্ঞপ্তি এ ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.nimc.gov.bd) পাওয়া যাবে।


(মোহাম্মদ আব্দুল জলিল)

উপ-পরিচালক (অর্থ)

ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি